# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 06-01-2025** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১) বাংলাদেশ থেকে মুক্তি পাওয়ার পর পশ্চিমবঙ্গের কাকদ্বীপ এবং নামখানার ৯৫ জন মৎস্যজীবী আজ ঘরে ফিরেছেন।

গঙ্গাসাগরে মুখ্যমন্ত্রী তাঁদের ১০ হাজার টাকা করে আর্থিক সাহয্য দিয়েছেন।

২) সাগরমেলার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী আজ গঙ্গাসাগরে গেছেন। সমুদ্রের ভাঙন থেকে কপিলমুনির মন্দিরকে বাঁচাতে কংক্রিটের বাঁধ তৈরি করা হবে।

৩) রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে।

৪) খাগড়াগড় বিস্ফোরণকান্ডে অন্যতম অভিযুক্ত তারিকুল ইসলামকে রাজ্য পুলিশের এসটিএফ নিজেদের হেফাজতে নিয়েছে।

৫) মালদায় তৃণমূল কংগ্রেস নেতা খুনের ঘটনা খতিয়ে দেখতে ফরেন্সিক দল সেখানে গেছে।

৬) দক্ষিণ ২৪ পরগণার কুলতলি এলাকায় বাঘের পায়ের ছাপকে কেন্দ্র করে আতঙ্ক। মুখ্যমন্ত্রী এব্যাপারে উদ্বেগ প্রকাশ করেছেন।

৭) যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, মুম্বাই সিটি এফ সি, র মুখোমুখি হয়েছে।

------------------------------------------------------------------------------------------

বাংলাদেশ থেকে দেশে ফেরা ৯৫ জন ভারতীয় মৎস্যজীবীকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দুপুরে গঙ্গাসাগরে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানান। আর্থিক সাহায্য বাবদ তাঁদের হাতে দশ হাজার টাকা এবং কিছু উপহারও তুলে দেন তিনি। পাশাপাশি বাংলাদেশে উপকূলরক্ষী বাহিনীর হাতে ধরা পড়ার পর জলে ঝাঁপ দিলে যে মৎস্যজীবীর মৃত্যু হয়, তাঁর স্ত্রী পুতুল দাসরে হাতেও দু লক্ষ টাকার চেক তুলে দিয়ে মমতা নদী-সমুদ্রে মাছ ধরতে যাওয়া কোনো মৎস্যজীবীকেই দেশের জলসীমা অতিক্রম না করার পরামর্শ দেন।

পরে মুখ্যমন্ত্রী বলেন, এখন থেকে কোনো মৎস্যজীবীর দুর্ঘটনায় মৃত্যু হলে ‘মৎস্যজীবী বন্ধু’ প্রকল্পের আওতায় তাঁর পরিবার দু লক্ষ টাকা সহায়তা পাবে।

বাইট

নদী সমুদ্রে মাছ ধরতে গিয়ে কেউ যাতে হারিয়ে না যান, তা নিশ্চিত করতে সব মৎস্যজীবীদের জন্য একটি করে বিশেষ ধরনের কার্ডের ব্যবস্থা করা হয়েছে। বলেও মুখ্যমন্ত্রী জানান। তিনি আরও বলেন, ক্রেডিট কার্ডের মাধ্যমে ইতমধ্যেই ১২৫ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে এবং জল ধরো জল ভরো প্রকল্পের আওতায় রাজ্যে পাঁচ লক্ষ পুকুর কাটা হয়েছে। সেখানেও মাছের চাষ হচ্ছে।

উল্লেখ্য, বাংলাদেশ থেকে মুক্তি পাওয়ার পর কাকদ্বীপ এবং নামখানার বাসিন্দা ৯৫ জন মৎস্যজীবী আজ গঙ্গাসাগর পৌঁছন। সমুদ্র তটে একটি অস্থায়ী ঘর তৈরি করে সেখানে তাঁদের চিকিৎসা এবং খাবার ব্যবস্থা করা হয়।

------------------

সমুদ্রের ভাঙন থেকে গঙ্গাসাগরে কপিল মুনি মন্দিরকে বাঁচাতে মন্দির কর্তৃপক্ষকেই এগিয়ে আসতে হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। তিনি আজ বিকেলে মন্দিরে পুজো দেওয়ার পর আশ্রমের প্রধান মহান্ত জ্ঞানদাসের সঙ্গে দেখা করে প্রাকৃতিক কারণে তৈরি হওয়া মন্দিরের সঙ্কট নিয়ে আলোচনা করেন। পরে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী জানান, মহান্তের সঙ্গে তাঁর কথা হয়েছে। সারা বছর ভক্তদের দান থেকে মন্দিরের যে আয় হয়, তার ২৫ শতাংশ ব্যয় করে সমুদ্রে কংক্রিটের বাঁধ তৈরির বিষয়ে মন্দির কর্তৃপক্ষ সম্মত হয়েছে।

মহান্তের সঙ্গে দেখা করার পর মুখ্যমন্ত্রী আসন্ন সাগরমেলার আলোকসজ্জারও উদ্বোধন করেন।

উল্লেখ্য সাগরমেলার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী আজ সেখানে গেছেন। সাগরে এক অনুষ্ঠানে তিনি বলেন, মুড়িগঙ্গা নদীতে রাজ্য কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য ছাড়াই সেতু নির্মাণ করবে। এর জন্য খরচ ধরা হয়েছে দেড় হাজার কোটি টাকা। টেন্ডার পাশ হয়ে গেলেও সেই কাজ শেষ হতে দু থেকে তিন বছর সময় লাগবে। এই সেতু নির্মাণের কাজ শেষ হলে সাগরদ্বীপের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

ঐ অনুষ্ঠানে গোসাবা-পাথরপ্রতিমা এবং হিঙ্গলগঞ্জ ও সন্দেশখালি এই দুটি করে ব্লককে নিয়ে আলাদা সাব ডিভিশন বা মহকুমা তৈরির নির্দেশ দেন মমতা। এর ফলে সুন্দরবনের মানুষের যাতায়াতের অসুবিধে যেমন কাটবে, তেমনি তারা ঠিকঠাক প্রশাসনিক সুবিধাও পেতে পারবেন।

মুখ্যমন্ত্রী আগামীকাল গঙ্গাসাগরে এক অনুষ্ঠানে বিভিন্ন সরকারি প্রকল্পের উদ্বোধন করবেন। এরপর তিনি ফিরে যাবেন কলকাতায়।)

-------------------

রাজ্যের চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে।

তালিকা অনুযায়ী, মোট ভোটদাতার সংখ্যা ৭ কোটি ৬৩ লক্ষ ৯৬ হাজারের কিছু বেশি। এর মধ্যে পুরুষ ভোটার ৩ কোটি ৮৭ লক্ষ ৯৩ হাজার এবং মহিলা ভোটার প্রায় ৩ কোটি ৭৬ লক্ষ ।

তৃতীয় লিঙ্গের ভোটদাতার সংখ্যা ১ হাজার ১১১। অন্যদিকে সার্ভিস ভোটারের সংখ্যা ১ লক্ষ ১০ হাজার ৩০৬। গত পয়লা জানুয়ারী যাদের ১৮ বছর বয়স হয়েছে, তাদের নামও এই তালিকায় যুক্ত করা হয়েছে।

রাজ্য জুড়ে গত ২৮শে আগস্ট বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা যাচাই ও সংশোধনের কাজ শুরু হয়। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয় গত ১২ই নভেম্বর। ১২ই ডিসেম্বর পর্যন্ত চলে তালিকার সংক্ষিপ্ত সংশোধনীর কাজ।

উল্লেখ্য, ১৮ থেকে ১৯ বছর বয়সী ভোটার সংখ্যা চূড়ান্ত তালিকায় ১ দশমিক ৭/৪/শতাংশ বৃদ্ধি পেয়েছে। খসড়া তালিকায় এই বৃদ্ধির হার ছিল দশমিক ৯/৬ শতাংশ।

আগামী পয়লা এপ্রিল, পয়লা জুলাই এবং পয়লা অক্টোবর যাঁদের বয়স ১৮ হতে চলেছে তাদের নাম ও ভোটার তালিকায় অন্তর্ভুক্তির কাজ শুরু হয়ে গেছে বলে রাজ্য নির্বাচন দপ্তর জানিয়েছে। চূড়ান্ত তালিকায় ৩ লক্ষ ৮১ হাজার ৪৪৯ জন ভোটদাতার নাম যুক্ত হয়েছে।

-------------------

রাজ্যে আদিবাসীদের বর্তমান অবস্থা নিয়ে খোঁজখবর নিতে রাজভবনের তরফে একটি কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। আমার গ্রাম নামে এই কর্মসূচী শুরু হতে চলেছে আগামীকাল । এর আওতায় রাজ্যপাল সি ভি আনন্দ বোস ধাপে ধাপে রাজ্যের বিভিন্ন আদিবাসী গ্রামে যাবেন। তাদের সঙ্গে কথা বলে বিভিন্ন সরকারি সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সহ অন্যান্য সুযোগ তারা পাচ্ছেন কিনা , তিনি সেই বিষয়ে খোঁজখবর নেবেন বলে রাজভবন সূত্রে জানা গিয়েছে।

-------------------

রাজ্যে এইচ এম পি ভাইরাস নিয়ে এখনই আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন। ব্যাঙ্গালুরুতে দুজনের দেহে এই ভাইরাস মেলার পর এরাজ্যে কি কি সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে, সাংবাদিকদের এই প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী গঙ্গাসাগরে জানান, প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হচ্ছে। সরকার পরিস্থিতির ওপর নজর রাখছে। মুখ্যসচিব মনোজ পন্থ ইতোমধ্যেই এই নিয়ে বৈঠক করেছেন। তবে এরাজ্যে এখনও এই ভাইরাসে আক্রান্ত হওয়ার কোনো খবর নেই। যে কোনো রকম পরিস্থিতির মোকাবিলায় এবং জনগণকে রক্ষা করতে রাজ্য সরকার প্রস্তুত আছে বলেও তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

বাইট

-------------------

জঙ্গি যোগ সন্দেহে খাগড়াগড় বিস্ফোরণ কাণ্ডে অন্যতম অভিযুক্ত, বহরমপুরে কেন্দ্রীয় সংশোধনাগারে বন্দি তারিকুল ইসলাম ওরফে সুমনকে নিজেদের হেফাজতে

নিয়েছে পশ্চিমবঙ্গ এস টি এফ। বাংলাদেশের নিষিদ্ধ জঙ্গি সংগঠন আনসারুল্লা বাংলা টিম-এবিটি-এর সঙ্গে হাত মিলিয়ে পশ্চিমবঙ্গে সে নাশকতার ছক কষছিলো অভিযোগ উঠেছে। জঙ্গী সন্দেহে ইতমধ্যেই যাদের ধরা হয়েছে, তারিকুলকে তাদের মুখোমুখি বসিয়ে জেরা করবে অসম এবং রাজ্য পুলিশের এস টি এফের আধিকারিকরা। তারিকুল জেলবন্দি থাকা অবস্থায় বিভিন্ন মডিউল পরিচালনা করছিল বলে জানা গেছে। নওদা থেকে ধৃত সাজিবুল ও মুস্তাকিমকে, তারিকুলের মুখোমুখি বসিয়ে জেরা করতে চায় এসটিএফ। তার সঙ্গে হরিহরপাড়া থেকে ধৃত আব্বাস আলী ও মিনারুলের যোগাযোগের একটি সূত্র মিলেছে বলেও দাবি এসটিএফের। আজ তাকে বহরমপুর আদালতে তোলা হলে আগামী ১৩ ই জানুয়ারি পর্যন্ত এসটিএফ হেফাজতে পাঠানো হয়েছে।

-------------------

মালদহের তৃণমূল নেতা দুলাল সরকার খুনের চারদিন পরে ঘটনা তদন্তে রাজ্যের ফরেনসিক দল। আজ সন্ধ্যায় ইংরেজবাজার শহরের মহানন্দা পল্লীর ঘটনাস্থলে পৌঁছন ফরেনসিক দলের কর্তা চিত্রাক্ষ দে সরকার। ইংলিশ বাজার থানা পুলিশকর্তাদের নিয়ে ঘটনাস্থলে পরিদর্শন করেন তিনি। ঘুরে দেখেন টোটোর দোকানেও। বেশ কিছু নমুনা সংগ্রহ করে।

-------------------

এদিকে, মালদার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার দুলাল চন্দ্র সরকার ওরফে বাবলা সরকারের খুনের ঘটনায় অন্যতম অভিযুক্ত কৃষ্ণ রজক ওরফে রোহন এবং বাবলু যাদব এখনও অধরা। তাদের সন্ধান দিতে পারলে পুলিশ ২ লক্ষ টাকা নগদ পুরস্কারের কথা ঘোষণা করেছে।

খুনের ঘটনায় এখনও পর্যন্ত পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে। নিহত তৃণমূল নেতার আজ শ্রদ্ধানুষ্ঠান হয়। রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য তাঁর পরিবারের সঙ্গে দেখা করেন। স্ত্রী এবং ছেলের সঙ্গে কথা বলে তাদের পাশে থাকার আশ্বাস দেন।

-------------------

সন্ত্রাসবাদ ও ধর্মীয় মেরুকরণের পথে প্ররোচিত না হাওয়ার জন্য প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী রাজ্যের মানুষের প্রতি আহ্বান জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, সন্ত্রাসবাদ কাউকে ছেড়ে কথা বলে না। সাম্প্রদায়িক শক্তি ও সন্ত্রাসবাদ কখনোই জনসাধারণের জন্য শুভ হতে পারে না, মানুষের ভালোও করতে পারে না। বর্তমান পরিস্থিতিতে সন্ত্রাসাবসী তৎপরতা ও মানুষের নিরাপত্তা নিয়ে যেভাবে চিন্তা বাড়ছে, তা উদ্বেগজনক বলেও মন্তব্য করেন অধীর বাবু।

-------------------

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের তাঁর ছবি ব্যবহার করে অসাধু কিছু চক্র ঋণ দেওয়ার ব্যাপারে অসত্য প্রচার করছে বলে অভিযোগ করেছেন। তিনি এক ভিডিও বার্তায় বলেন, একটি অ্যাপের মাধ্যমে এই মিথ্যে প্রচার চালানো হচ্ছে। শুধুমাত্র তিনি নন, দেশের বিভিন্ন মন্ত্রী ও মুখ্যমন্ত্রীদের ছবিও একইভাবে ব্যবহার করে ভুয়ো প্রচার করা হচ্ছে। এই নিয়ে তিনি দক্ষিণ দিনাজপুরের পুলিশ সুপারের কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন। জেলা প্রশাসন ও রাজ্য সরকার এ ব্যাপারে উপযুক্ত পদক্ষেপ নেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাইট

-------------------

মালদার কালিয়াচকে বোমা নিয়ে খেলতে গিয়ে বোমা ফেটে আহত দুই শিশু। দুজনেরই বাড়ি শেরশাহী দক্ষিণ লক্ষ্মীপুরে। আহত শিশু দুটি বর্তমানে হাসপাতালে হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। এই বোমা কোথা থেকে এলো, কারা মজুত করেছিল এবং কিভাবে ছোট শিশুদের হাতে বোমা পৌঁছালো তা কতিয়ে দেখা হচ্ছে।

------------------

মুর্শিদাবাদের জলঙ্গীতে ভর্তি ফি বেশি নেওয়ার প্রতিবাদে ছাত্রদের বিক্ষোভ দমনে তৃণমূল কংগ্রেসের প্রধান ও তার দলবলের বিরুদ্ধে আন্দোলনকারীদের মারধরের অভিযোগে আজ রাস্তায় টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে পড়ুয়ারা। অবরোধ তুলতে আসায় পুলিশের গাড়ি ভাঙচুর করে বিক্ষোভকারীরা। জানা গেছে গত শনিবারে ওই বিদ্যালয়ে প্রথম দফা বিক্ষোভ হয়। সেসময় বিদ্যালয়ে উপস্থিত হয়ে, স্থানীয় খয়রামারী গ্রাম পঞ্চায়েতের প্রধান ছাত্র-ছাত্রীদের মারধর করেন বলে অভিযোগ। ওই ঘটনার প্রতিবাদ ও বর্ধিত ভর্তি ফি বাতিলের দাবিতে সোমবার পড়ুয়ারা আজ পুনরায় বিদ্যালয়ের গেটে তালা মেরে বিক্ষোভ দেখায়। পথ অবরোধ করে। সাগরপাড়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌছলে বিক্ষুব্ধরা পুলিশের গাড়িও ভাঙ্গচুর করেছে। যদিও অভিযুক্ত প্রধান মিঠুন বিশ্বাস অবশ্য পড়ুয়াদের মারধরের কথা অস্বীকার করেন। পড়ুয়াদের অভিযোগ বিদ্যালয়ে গত বছরেও ভর্তি ফি ছিল ৩০০ টাকা। চলতি বছরে কোনও রকম আলোচনা ছাড়াই তা বাড়িয়ে ৪০০ টাকা করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পরে বিশাল পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে যান ডোমকলের এসডিপিও শুভম বাজাজ ও সাগড়পাড়ার ওসি অরিজিৎ ঘোষ। তারা পড়ুয়াদের দাবির বিষয়ে যথাযথ ব্যাবস্থা নেওয়ার আশ্বাস দিলে বিক্ষোভ উঠে যায়।

-------------------

জিনাত ফিরে যেতে না যেতেই রাজ্যে ফের ওড়িশা থেকে বাঘ আসার খবরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উদ্বেগ প্রকাশ করেছেন। গঙ্গাসাগরে আজ মেলার প্রস্তুতি খতিয়ে দেখে তিনি ওড়িশা সরকার যাতে উদ্ধারকারী দল পাঠায় সে ব্যাপারে বনদপ্তরকে নির্দেশ দিতে অনুরোধ করেছেন। মানুষের মধ্যে এই নিয়ে কোনোরকম আতঙ্ক ছড়াতে দেবেন না বলেও মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান। মুখ্যসচিব মনোজ পন্থকে তিনি এব্যাপারে নজরদারির দায়িত্ব দিয়েছেন।

-------------------   -------------------